১২৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... AUG 27 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬ ......

# সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির আঞ্চলিক সম্মেলন সমাপ্ত

চট্টগ্রাম অফিস ॥ বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক সম্মেলন গত ১৯শে আগষ্ট নাসিরাবাদ সরকারী উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ডাঃ খাস্তগীর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুরাইয়া আকতারের সভানেত্রীতে এই সম্মেলনে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদ সদস্য এবিএম আবুল কাশেম মাষ্টার। কেন্দ্রীয় সভাপতি মতিউর রহমান, মহাসচিব শামসুল হক, আজিজুল হক, মোজাম্মেল হক, মমতাজউদ্দিন আহমদ খান, দেলোয়ার হোসেন, আবদুর রশিদ, সাইফুল ইসলাম চৌধুরী, নূর মোহাম্মদ, আজিজউদ্দিন মোজাম্মেল হক শিকদার, মোস্তাফিজুর রহমান ও আজিজুল হক। বক্তারা সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড পদ মর্যাদার ও স্বতন্ত্র অধিদপ্তর প্রতিষ্ঠাসহ সকল দাবী-দাওয়া মানিয়া নেওয়ার আহ্বান জানান। অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় সভাপতি মতিউর রহমান উপস্থিত সংসদ সদস্যের মাধ্যমে প্রধানমীর নিকট শিক্ষকদের দাবী-দাওয়া সম্বলিত একটি স্মারকলিপি প্রদান করেন। সম্মেলনে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি চট্টগ্রাম অঞ্চলের ৩৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।